দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL 3 .. 1999 ...
পৃঃ 2 কলাম ৫

99

## তমদ্দুন মজলিসের আলোচনা

# মাদ্রাসা বন্ধ এবং ইসলাম বিরোধী তৎপরতার বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে

প্রেস বিজ্ঞপ্তি ঃ ঈদে মিলাদুন্নবী উপলক্ষে তমদ্দুন মজলিসের আলোচনা সভার বক্তাগণ দেশ-বিদেশে সর্বত্র ইসলামবিরোধী তৎপরতা রুখে দাঁড়ানোর জন্য ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তোলার আহবান জানান। তারা বলেন, নির্যাতিত মানবতার মুক্তি ও শান্তি একমাত্র রাসূলে করিমের আদর্শ অনুসরণের উপর নির্ভর করে। জাতীয় অধ্যাপক দেওয়ান মোহাম্মদ আজরফের সভাপতিত্বে জাতীয় প্রেস ক্লাবে অনুষ্ঠিত এ সভায় আলোচনায় অংশগ্রহণ করেন ইসলামিক ফাউন্ডেশনের সাবেক মহাপরিচালক জনাব আ জ ম শাসুল আলম ও সৈয়দ আশরাফ আলী; ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডঃ আনিসুজ্জামান ও ডঃ হাসানুজ্জামান চৌধুরী, কথাশিল্পী জুবাইদা গুলশান আরা, ফরিদুদ্দিন খান, ডঃ আখতারুজ্জামান, মওলানা আতাহার উদ্দিন মোল্লা প্রমুখ। সভায় বিশ্বনবীর উপর লিখিত কবিতা আবৃত্তি করেন জনাব শাহাবুদ্দিন আহমদ। হামদ-নাত পেশ করেন মোস্তফা জামান আব্বাসী, খালিদ হোসেন ও এম এ মান্নান। সভায় নিম্নোক্ত প্রস্তাবাবলী গৃহীত হয় ঃ

পবিত্র ঈদে মিলাদুন্নবী (দঃ) উপলক্ষে তমদ্দুন মজলিসের আয়োজিত এ আলোচনা সভা দুঃখের সাথে লক্ষ্য করছে যে, দুনিয়ার সর্বত্র সাম্রাজ্যবাদী, আধিপত্যবাদী, ইহুদীবাদী, ব্রাহ্মণ্যবাদী শক্তি এক অশুভ আঁতাতের মাধ্যমে উম্মতে মোহাম্মদীর বিরুদ্ধে সর্বাত্মক চক্রান্তে লিপ্ত হয়েছে। তারা কসোভো, কাশ্মীর, বসনিয়া, ফিলিস্তিন, লেবাননে ও অন্য বহু ভূখণ্ডে মুক্তিকামী মুসলমানের রক্তে সিক্ত করছে আল্লাহর জমিন। এই সভা এই হীন ষড়যন্ত্রের তীব্র প্রতিবাদ জানাচ্ছে এবং এই ষড়যন্ত্র সার্থকভাবে মোকাবিলা করতে মুসলিম বিশ্বের নেতৃবৃন্দের প্রতি অবিলম্বে যৌথ সামরিক, অর্থনৈতিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক কার্যক্রম গ্রহণের আহবান জানাচ্ছে।

অপর প্রস্তাবে বলা হয়, রাসূলে করিমের (দঃ) আদর্শ উপমহাদেশে না এলে এবং বাংলাদেশের শতকরা ৯০ জন মানুষ রাসূলের আদর্শে বিশ্বাসী না হলে সাতচল্লিশে পূর্ববঙ্গ প্রদেশ এবং একাত্তরে স্বাধীন রাষ্ট্র হিসাবে বাংলাদেশের অভ্যুদয় হত না। অথচ বাংলাদেশের স্বতন্ত্র স্বাধীন রাষ্ট্রসত্তার ভিত্তি এই ইসলামকেই এদেশের বুক থেকে, এদেশের শিক্ষা ব্যবস্থা থেকে মুছে ফেলার হীন চক্রান্ত চলছে। ইসলামী শিক্ষার ভিত্তিস্বরূপ মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে যে হীন চক্রান্ত শুরু হয়েছে তাকে ঐক্যবদ্ধভাবে রুখে দাঁড়াতে এই সভা দেশের সর্বস্তরের জনগণের প্রতি উদাত্ত আহবান জানাচ্ছে।